

ঘটনা প্রবাহ

সাত দিন

১১ এপ্রিল : ইপিজেডের কাছে পলাশবাড়িতে তৈরি পোশাক কারখানা সোয়েটার ইন্ডাস্ট্রিজ লিমিটেডের নয়তলা ভবন বিধ্বস্ত। চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচনে মনোনয়নপত্র দাখিল।

১২ এপ্রিল : ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞান অনুষদের প্রথম বর্ষের শিক্ষার্থীরা কোর্স শেষ না হতেই পরীক্ষা নেয়ার প্রতিবাদে দিনের কার্যালয় ভাঙচুর করে।

১৩ এপ্রিল : সাভারে বিধ্বস্ত নয়তলা ভবন উদ্ধারকাজে সেনাবাহিনী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সড়ক ও জনপথ অধিদপ্তর, পুলিশ এবং স্থানীয়রা বিরামহীন কাজ করছে।

১৪ এপ্রিল : আজ বাংলা শুভ নববর্ষ রমনা বটমূলে আনন্দ

উচ্ছ্বাসের মধ্য দিয়ে বর্ষবরণ।


১৫ এপ্রিল : বিধ্বস্ত নয়তলা ভবন থেকে এ পর্যন্ত ৫৪টি লাশ উদ্ধার।

রাষ্ট্রীয় সফরে কাতারের আমির শেখ হামিদ বিন খলিফা ঢাকা এসে পৌঁছান।

১৬ এপ্রিল : টঙ্গীর আওয়ামী লীগ নেতা ও সংসদ সদস্য আহসান উল্লাহ মাস্টার ও স্কুলছাত্র ওমর ফারুক রতনকে হত্যার দায়ে ২২ জনকে ডাবল ফাঁসির আদেশ।

আখাউড়া সীমান্তে বিডিআর-বিএসএফ গোলাগুলিতে ৫ জন নিহত।

১৭ এপ্রিল : সাইপ্রাসে পাচারকালে বঙ্গোপসাগরে ৯৩ জন বাংলাদেশী আটক।



মহাউৎসবে বর্ষবরণ

উৎসবমুখর পরিবেশে জাতি বরণ করেছে বাংলা নববর্ষ ১৪১২। সর্বজনীন বর্ষবরণ উৎসবকে কেন্দ্র করে গত বৃহস্পতিবার পহেলা বৈশাখ রাজধানীর রাজপথ মানুষের পদভারে বর্ণিল হয়ে উঠেছিল। পরিণত হয়েছিল জনসমুদ্রে। সৃষ্টি হয়েছিল ব্যাপক যানজটের। এবারের পহেলা বৈশাখ উদযাপন হয়েছে ভিন্ন মাত্রায়। আগে থেকেই নগরীর বিভিন্ন জায়গায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়। পুলিশ ও র্যাবের স্পেশাল টিম কাজ করেছে। বর্ষবরণের কেন্দ্রস্থল রমনার বটমূলে বসানো হয়েছিল ক্রোজ সার্কিট ক্যামেরা। প্রতিটি গেট দিয়ে লোকজন প্রবেশের সময় মেটাল ডিটেক্টর দিয়ে পরীক্ষা করে চুকতে দেয়া হয়েছে। লাইন ধরে সুশৃঙ্খলভাবে রমনার বটমূলে মানুষের



প্রবেশ এবং বাহির সবার প্রশংসা কুড়িয়েছে। ঢাকা শহরের অধিকাংশ পার্ক সাজানো হয়েছিল বর্ণিল রঙে। শাহবাগ, মিন্টু রোড, কাকরাইল, মৎসভবন, সেগুনবাগিচা, প্রেস ক্লাব, পল্টন, সচিবালয় ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রায় সব এলাকা লোকে লোকারণ্য হয়ে যায়। প্রেসক্লাব, ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট, জাতীয় যাদুঘর, শিল্পকলা, ওস্তাদ মোমতাজ আলী খান সঙ্গীত একাডেমীসহ রাজধানীর সর্বত্র নানা আয়োজনে নতুন বছরকে বরণ করা হয়। সারা দেশে আনন্দমুখর পরিবেশ বিরাজ করেছে। কার্যত এবারের বর্ষবরণ উৎসব নতুন মাত্রা এনেছে। বাঙালির পহেলা বৈশাখের মহোৎসব সব অঞ্চলকে হার মানিয়েছে।